



বাসভাড়া আপাততঃ কমানো হচ্ছে না : যোগাযোগমন্ত্রী

## কাল ছাত্রদের সড়ক অবরোধ কর্মসূচী

(নিজস্ব বাতা পরিবেশক)

বাসভাড়া আপাততঃ কমানো হবে না বলে যোগাযোগমন্ত্রী গতকাল জাতীয় সংসদে জানিয়েছেন। বধিত বাসভাড়াকে কেন্দ্র করে চট্টগ্রামে বাস-মিনিবাস ধর্মঘট গতকালও অব্যাহত ছিল। আগামীকাল সোমবার সড়ক অবরোধ কর্মসূচী সফল করে তোলার জন্য বিভিন্ন রাজনৈতিক ও ছাত্র সংগঠন একাত্মতা প্রকাশ করেছে।

সংসদ রিপোর্টার জানান : যোগাযোগমন্ত্রী এম, মতিউর রহমান বলেছেন যে, বাস ও মিনি-

বাস ভাড়া আপাততঃ কমানোর কোন অবকাশ নেই।

বাসভাড়া বৃদ্ধি সংক্রান্ত জাতীয় সংসদে বাংলাদেশ ওয়া-  
(শেষ পৃ: ৫-এর ক: স্র:)

### বাসভাড়া কমানো হচ্ছেনা (১ম পাতার পর)

কর্মী পার্টির জাতীয় সংসদ সদস্য মিজানুর রহমান মানুর এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা বলেন। মন্ত্রী বলেন, বাস-মিনিবাস পরিচালনার খরচাদি পৃথান পৃথকরূপে পরীক্ষা-নিরীক্ষার পর সরকার গত বছরের শেষার্ধ্বে ভাড়ার হার নির্ধারণ করেছেন এবং যা এ বছরের ১লা জানুয়ারী থেকে কার্যকর হয়েছে, তা আপাততঃ কমানোর কোন অবকাশ নেই। তবে বাসভাড়ার হার প্রতিবছর পর্যালোচনা করার ব্যবস্থা রাখা হয়েছে। যদি অনুকুল অবস্থা আসে, তাহলে বর্তমান ভাড়ার হার কমানোর ব্যবস্থা করা হবে।

বেসরকারী বাসমালিকরা ভাড়া বৃদ্ধি করার ফলে বাসযাত্রী ও সাধারণ নাগরিকের মনো-ক্ষোভের সৃষ্টি হয়েছে শীর্ষক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, বাসভাড়া বাড়ানোর ফলে কোন কোন জায়গায় কিছু কিছু যাত্রীর মনো-ক্ষোভের কথা শোনা গেলেও সাধারণ যাত্রী ও নাগরিকদের মনোভেদন কোনক্ষোভের সঞ্চার হয়নি। কোথাও কোথাও ইতস্ততঃ বিক্ষিপ্ত কিছু সংঘর্ষের খবর পাওয়া গেছে বলে তিনি উল্লেখ করেন।